40/8, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA - 700 019
TEL : (033) 2461 4156 / 4157, FAX : 91-33-24614193
E-MAIL : cmd@abcindia.com, HOME PAGE : www.abcindia.com

ABC INDIA LIMITED
Moving made simple

**Date: 12th August, 2022**

| | |
|---|---|
| **BSE Limited**<br>**Phiroze Jeejeebhoy Towers,**<br>**Dalal Street,**<br>**Mumbai – 400 001.**<br><br>**Scrip Code : 520123** | **The Secretary,**<br>**The Calcutta Stock Exchange Ltd.,**<br>**7, Lyons Range ,**<br>**Kolkata – 700 001**<br><br>**Symbol - 011146** |

Dear Sir/ Madam,

**Reg: Newspaper Publication of Unaudited Financial Results of the Company for the quarter ended 30th June, 2022.**

Pursuant to Regulation 30 read with Part-A of Schedule-III of Securities & Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, enclosed please find the scanned copies of the Unaudited Financial Results of the Company for the quarter ended 30th June, 2022 as published in the newspapers viz. The Business Standard and AAJKAAL- Kolkata on 12.08.2022.

Please inform the same to all the concerned.

Thanking You,

Yours faithfully,

**For ABC India Limited**

Sanjay Agarwal

**Sanjay Agarwal**
**Company Secretary**

Encl: As above

**পিছু হটলেন সাকিব** | বেটিং অ্যাপের সঙ্গে চুক্তি বাতিল না করলে বোর্ডের কেন্দ্রীয় চুক্তি থেকে বাদ পড়বেন। বিসিবির হুমকিতে শেষ পর্যন্ত বেটিং কোম্পানির সঙ্গে চুক্তি বাতিল করলেন সাকিব আল হাসান।

### রাউলকে টপকে গেলেন করিম বেনজিমা

## উয়েফা সুপার কাপ চ্যাম্পিয়ন রিয়েল



ফ্রাঙ্কফুর্টকে হারিয়ে ট্রফি হাতে রিয়েল ফুটবলাররা। ছবি: এএফপি

আজকালের প্রতিবেদন

আইনট্রাখট ফ্রাঙ্কফুর্টকে ২–০ গোলে হারিয়ে উয়েফা সুপার কাপ জিতে নিল রিয়েল মাদ্রিদ। রিয়েলের হয়ে গোল দুটি করেন ডেভিড আলাবা ও করিম বেনজিমা। ফ্রাঙ্কফুর্টকে বেশ ভয়ঙ্কর দেখাল। বিশেষত, প্রথমার্ধে রিয়েল মাদ্রিদের ওপর ক্রমাগত চাপ বাড়িয়ে চলেছিল তারা। তবে অভিজ্ঞতা ও ব্যক্তিগত নৈপুণ্যে ফলাফল নিজেদের পক্ষে রাখতে সফল হয় ২০২১–২২ মরশুমের চ্যাম্পিয়ন্স লিগ বিজয়ীরা। ৩৭ মিনিটে দলের হয়ে প্রথম গোলটি করেন আলাবা। ৬৫ মিনিটে ব্যবধান দ্বিগুণ করেন ফরাসি স্ট্রাইকার।

সুপার কাপ জেতার পর রিয়েল কোচ কার্লো আনসেলোত্তি বলেন, ‘একেবারেই সহজ ছিল না ম্যাচটা। আক্রমণ আছড়ে পড়তে দিচ্ছিল না, এত জমাট ছিল নিজেদের অর্ধে। তা সত্ত্বেও আমরা ম্যাচের নিয়ন্ত্রণ নিই এবং গোল পাই। মরশুমের প্রথম ম্যাচ খেলল দল। তাই খেলোয়াড়রা ১০০ শতাংশ ফিট থাকবে, সে–প্রত্যাশা করা অনুচিত। তবে মরশুমের শুরুটা ট্রফি জিতে হল, এটা ভীষণ আনন্দের। এই ট্রফি খেলোয়াড়দের নতুন মরশুমে আরও ভাল খেলতে অনুপ্রাণিত করবে।’

এদিন গোল করে রিয়েল মাদ্রিদ কিংবদন্তি রাউলের ক্লাবের জার্সিতে করা ৩২৩ গোলের রেকর্ড টপকে গেলেন বেনজিমা। তাঁর সামনে কেবলমাত্র ক্রিশ্চিয়ানো রোনাল্ডো রয়েছেন। ৪৫০টি গোল রয়েছে সি আর সেভেনের। আনসেলোত্তি স্মরণ করিয়ে দেন, ‘ব্যালন ডি’ওরের দৌড়ে ও এগিয়ে রয়েছে। এ নিয়ে আর কি কোনও সন্দেহ রয়েছে?’

## আর্জেন্টিনা ম্যাচ খেলতে চায় না ব্রাজিল

আজকালের প্রতিবেদন

**আর্জেন্টিনার বিরুদ্ধে বিশ্বকাপ যোগ্যতা অর্জন পর্বের বাতিল হওয়া ম্যাচ আর খেলতে আগ্রহী নয় নেইমাররা। বৃহস্পতিবার জানিয়ে দিল ব্রাজিল ফুটবল কনফেডারেশন। প্রায় এক বছর আগে সাও পাওলোতে ব্রাজিল বনাম আর্জেন্টিনা ম্যাচ শুরু হওয়ার সাত মিনিটের মাথায় খেলা থামিয়ে দেওয়া হয়েছিল। নাটকীয়ভাবে স্থানীয় প্রশাসনের স্বাস্থ্য আধিকারিকেরা মাঠে ঢুকে আর্জেন্টিনার চার ফুটবলারকে চিহ্নিত করেন। তাঁদের বিরুদ্ধে অভিযোগ ছিল, খেলোয়াড়রা তাদের এক সপ্তাহের গতিবিধি গোপন রেখে ব্রাজিলে খেলতে এসেছিলেন। যদিও পরবর্তীতে ফিফা দুটি দেশের ফুটবল ফেডারেশনকে জরিমানা করার পাশাপাশি তাদের ওই বাতিল ম্যাচটি খেলার নির্দেশ দেয়। এই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে কোর্ট অফ আরবিট্রেশন ফর স্পোর্টস (সিএএস)–এর দ্বারস্থ হয় দু’পক্ষই।**

**ব্রাজিল কোচ টিটে এই ম্যাচ খেলতে চান না বলে ফেডারেশনকে জানিয়েছেন। তিনি আশঙ্কা করছেন এই ম্যাচ খেলতে গিয়ে বিশ্বকাপের আগে খেলোয়াড়রা চোট–আঘাত পেতে পারেন, কার্ড সমস্যায় ভুগতে পারেন পরবর্তীতে।**

**ব্রাজিল কনফেডারেশন একটি বিবৃতিতে জানায়, ‘কোচ টিটে ও কো–অর্ডিনেটর জুনিনহো পাওলিস্তার কাছ থেকে আবেদন পাওয়ার পর ব্রাজিল ফুটবল কনফেডারেশনের সভাপতি এডনাল্ডো রডরিগেজ ওই ম্যাচটি বাতিল করার দাবি জানাবেন।’ ওদেশের সংবাদমাধ্যমে বলা হচ্ছে, বিশ্বকাপের যোগ্যতা অর্জনের বাতিল ম্যাচটি না খেলে পরিবর্তে ব্রাজিল ইওরোপে দুটি প্রীতি ম্যাচ খেলবে।**

### আবেগঘন ‘কৃষ্ণকলি’

## হেরে কেঁদে ফেললেন সেরেনা

আজকালের প্রতিবেদন

এই সপ্তাহেই ঘোষণা করেছিলেন, বর্ণময় টেনিস জীবনে যবনিকা টানবেন ইউএস ওপেনের পর। অবসর ঘোষণার পর টরন্টোতেই প্রথমবার নেমেছিলেন সেরেনা উইলিয়ামস। সুইৎজারল্যান্ডের বেলিন্ডা বেঞ্চিচের কাছে স্ট্রেট সেটে হেরে বিদায় নেওয়ার পর অঝোরে কেঁদে শেষবারের মতো টরন্টো ছাড়লেন ২৩টি গ্র্যান্ড স্লাম জেতা মার্কিন কিংবদন্তি। দ্বিতীয় রাউন্ডের ম্যাচে ২–৬, ৪–৬ হারলেন বেঞ্চিচের কাছে। তবে সেরেনার এই হার একেবারেই অপ্রত্যাশিত ছিল না। ৪০ বছর বয়সি মার্কিনির প্রতিপক্ষ ছিলেন গতবারের অলিম্পিক চ্যাম্পিয়ন। তাছাড়া এক বছর পর টেনিসে প্রত্যাবর্তনের পর এ নিয়ে তৃতীয় ম্যাচে নেমেছিলেন সেরেনা। সুইস খেলোয়াড়ের র‍্যাকেট থেকে প্রথম সেটে আটটি এস সার্ভিস বেরল। দু’বার সেরেনার সার্ভিস ব্রেক করলেন বেলিন্ডা বেঞ্চিচ। দ্বিতীয় সেটে একটি সার্ভিস ব্রেক করতেই ম্যাচ পকেটে পুরে ফেলেন সুইস তারকা। জিততে সময় নিলেন ৭৮ মিনিট।

ম্যাচ চলাকালীন সেরেনা–ধ্বনিতে মুখরিত হল কোর্ট। তাই জিতে বেঞ্চিচ দর্শকদের মন ভাঙলেন। জিতেও তিনি যেন অপরাধী। তাই ম্যাচ শেষে তাঁকে বলতে হল, ‘আজকের ম্যাচের সবটা জুড়ে সেরেনাই ছিল।’ আর কখনও টরন্টোয় নামা হবে না। কোর্ট ছাড়ার আগে সাক্ষাৎকার দিতে গিয়ে গলা ধরে এল মার্গারেট কোর্টের ২৪টি গ্র্যান্ড স্লাম তাড়া করে বেড়ানো সেরেনার। বললেন, ‘এখানে খেলতে আমার দারুণ লাগে। সবসময় এখানে খেলার জন্য মুখিয়ে থাকি। খুব মনে হচ্ছিল, আজ যদি ভাল খেলতে পারতাম। কিন্তু বেলিন্ডা আমার চেয়ে বহুগুণ ভাল খেলেছে।’

সেরেনার টরন্টো মাস্টার্সের প্রথম রাউন্ডে স্পেনের নুরিয়া পারিসাস দিয়াসকে ৬–৩, ৬–৪ সেটে হারিয়ে দ্বিতীয় রাউন্ডে পৌঁছেছিলেন সেরেনা। উল্লেখযোগ্যভাবে সেটি ছিল ২০২১ সালের ফ্রেঞ্চ ওপেনের পর, ১৪ মাসে তাঁর প্রথম কোনও সিঙ্গলস ম্যাচে জয়।



হাতে ফুলের স্তবক। চোখের জল মুছছেন সেরেনা উইলিয়ামস। ছবি: এএফপি

## শুনানিতে কড়া বার্তা সুপ্রিম কোর্টের

মুনাল চট্টোপাধ্যায়

তাদের নির্দেশিত রোডম্যাপ মানা হচ্ছে না। এই দাবি তুলে ভারতীয় ফুটবল ফেডারেশনকে নির্বাসনের হুমকির দিয়েছিল ফিফা। পাশাপাশি ভারত থেকে অনূর্ধ্ব ১৭ মহিলা বিশ্বকাপ ফুটবল সরানোর হুমকিও দেওয়া হয়েছিল। এতে বেশ উদ্বিগ্ন ভারতীয় ক্রীড়ামহল। নির্বাচনের মাধ্যমে সিওএ–কে তিন মাসের মেয়াদের অন্তর্বর্তী কমিটি গঠনের নির্দেশ সুপ্রিম কোর্ট দিয়েছিল। সেটা অপছন্দ হওয়ায় রাজ্য সংস্থার প্রতিনিধিরা সরাসরি ফিফা–এএফসি–র কাছে তাঁদের আপত্তির কথা জানিয়ে চিঠি দেন। খসড়া সংবিধানের বেশ কয়েকটি বিষয় পুনর্বিবেচনার আবেদন করে আদালতের দ্বারস্থ হন তাঁরা। সিওএ–র তরফে জানানো হয়, সভাপতি পদ হারানো প্রফুল প্যাটেল জটিলতা তৈরি করছেন। সিওএ–র পক্ষে একটি আদালত অবমাননার পিটিশন দাখিল করা হয়।

বৃহস্পতিবার পিটিশন নিয়ে শুনানি ছিল সুপ্রিম কোর্টে। তিন বিচারপতির বেঞ্চ কড়া ভাষায় বলেছে, যদি তাঁরা বোঝেন, ভারতে অনূর্ধ্ব ১৭ মহিলা বিশ্বকাপ ফুটবল আয়োজনে ক্ষেত্রে কোনও বাধা সৃষ্টির চেষ্টা হচ্ছে, তাহলে তাঁরা সরাসরি হস্তক্ষেপ করবেন। নির্দেশ দেওয়া হয়েছে, ফেডারেশন, সরকার ও সিওএ–র তরফে দ্রুত ফিফার সঙ্গে যোগাযোগ করে যেন বিতর্ক মেটানো হয়। দ্রুত বৈঠকের উদ্যোগ নেওয়া হবে, সরকারি আইনজীবী এই মর্মে আশ্বস্ত করেন। আগের কমিটি থেকে বরখাস্ত কোনও ব্যক্তি বৈঠকে থাকবেন না। এরপরই ফিফার সঙ্গে যোগাযোগ করার তোড়জোড় শুরু হয়েছে এই বৈঠক করার জন্য।

## বিশ্বকাপের সময়েও আইএসএল

আজকালের প্রতিবেদন

**আইএসএল শুরু ৭ অক্টোবর। কলকাতায় তখনও পুজোর রেশ ভালভাবেই থাকায় মোহনবাগান ও ইস্টবেঙ্গলের শুরুর দিকের ম্যাচ পর্যাপ্ত পুলিশের অভাবে যুবভারতীতে হওয়ার সম্ভাবনা কম। ম্যাচগুলি বাইরের মাঠে হওয়ার সম্ভাবনা বেশি। ১৫ আগস্ট সূচি ঘোষণার পর তা পরিষ্কার হবে। বিশ্বকাপ ফুটবল চলাকালীন আইএসএল বন্ধ থাকবে না। টুর্নামেন্ট ১৫ মার্চের মধ্যে শেষ করার পরিকল্পনা নেওয়া হয়েছে। তারপর এপ্রিল–মে–তে সুপার কাপ হবে। ম্যাচের সূচির পাশাপাশি আইএসএলের বিভিন্ন নিয়মাবলি ও বাণিজ্যিক দিকগুলি নিয়ে এদিন দুই প্রধান এটিকে মোহনবাগান ও ইস্টবেঙ্গলের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা সারেন টুর্নামেন্ট পরিচালন সমিতির সদস্যরা। এই বৈঠকে মোহনবাগানের পক্ষে আইএসএলের সাতটি বিভাগের প্রতিনিধিরা হাজির থাকলেও ইস্টবেঙ্গলের তরফে দু’জনের বেশি ছিলেন না। সবুজ–মেরুনের তরফে যখন যুবভারতীর ট্রেনিং গ্রাউন্ডকে নিজেদের প্র্যাকটিস মাঠ হিসেবে দেখানো হল এদিন বৈঠকে, তখন ইস্টবেঙ্গলের দুই প্রতিনিধি এনিয়ে কোনও সদুত্তর দিতে পারেননি।**


### আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড

IDFC FIRST Bank

(পূর্বতন ক্যাপিটাল ফার্স্ট লিমিটেড এবং আইডিএফসি ব্যাঙ্ক লিমিটেড–এর সঙ্গে সংযুক্ত)
CIN: L65110TN2014PLC097792
**রেজিস্টার্ড অফিস:** কে আর এম টাওয়ার্স, ফ্লোর নং ৮, হ্যারিংটন রোড, চেটপেট, চেন্নাই–৬০০০৩১
ফোন: + ৯১৪৪৪৫৬৪৪০০০। ফ্যাক্স: + ৯১৪৪৪৫৬৪৪০২২

**পরিশিষ্ট–IV [রুল ৮(১)]**
**দখল বিজ্ঞপ্তি**
**(স্থাবর সম্পত্তির জন্য)**

যেহেতু, আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড (পূর্বতন ক্যাপিটাল ফার্স্ট লিমিটেড এবং আইডিএফসি ব্যাঙ্ক লিমিটেড–এর সঙ্গে সংযুক্ত)–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩– সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩ (১২) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে ঋণগ্রহীতা, সহ–ঋণগ্রহীতাগণ এবং জামিনদারগণ **১. শম্ভুনাথ হালদার ২. জয়িতা হালদার ৩. মম্পা গারমেন্টস**–এর প্রতি ২০.০৪.২০২২ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক অর্থাৎ, **১৮.০৪.২০২২ অনুযায়ী ₹৯,৭১,৭৭৯.১১/– (নয় লক্ষ একাত্তর হাজার সাতশো উনআশি টাকা ও এগারো পয়সা মাত্র)** পরিশোধের জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতাগণ এই অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী **১০ আগস্ট ২০২২** তারিখে উক্ত রুলসমূহের রুল ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৪) নং উপধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির প্রতীকী দখল নিয়েছেন।

বিশেষত ওই ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে লেনদেন না করবার জন্য সতর্ক করা হচ্ছে এবং ওই সম্পত্তি নিয়ে যে কোনও লেনদেন **₹৯,৭১,৭৭৯.১১/– (নয় লক্ষ একাত্তর হাজার সাতশো উনআশি টাকা ও এগারো পয়সা মাত্র)** এবং পরবর্তী সুদ সমেত **আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড (পূর্বতন ক্যাপিটাল ফার্স্ট লিমিটেড এবং আইডিএফসি ব্যাঙ্ক লিমিটেড–এর সঙ্গে সংযুক্ত)**–এর চার্জ সাপেক্ষ হবে।

উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে এই জামিনযুক্ত পরিসম্পদগুলি ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সম্পর্কিত ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

**স্থাবর সম্পত্তিগুলির বিবরণ**

**জমির পরিমাপ প্রায় ১ কাঠা ৬ ছটাক এবং ৪০০ বর্গফুট–সহ তদুপরি নির্মাণ এর সকল অপরিহার্য অংশ যার আরএস দাগ নং ৪৩১,৪৩২, অধীনস্থ হাল ক্রী খতিয়ান নং ৩৪৮,৫৪২, জেএল নং ১৫, রেসা নং ১৭৬, তৌজি নং ৩, ১৬০,১৬২ মৌজা–চণ্ডীবেড়িয়া, থানা–রাজারহাট, জেলা উত্তর ২৪ পরগনা বর্তমান পৌরসভা হোল্ডিং নং ১১২, জ্যাংড়া, কৃষ্ণপুর (কর রশিদ অনুযায়ী) রাজারহাট–গোপালপুর পৌরসভা (ডিড অনুযায়ী) অধীনে ওয়ার্ড নং ১৫, বিধাননগর পৌরসভা (কর রসিদ অনুযায়ী) পিন কোড–৭০০১০২ এবং চৌহদ্দি: পূর্বে: ১৬ ফুট রাস্তা পশ্চিমে: এল/ও নারায়ণ ঘোষ উত্তরে: দাগ নং ৪৩২, প্লট এ, দক্ষিণে: দাগ নং ৪৩১**

তারিখ: ১০–০৮–২০২২
স্থান: পশ্চিমবঙ্গ
লোন অ্যাকাউন্ট নং ২০২৫৭৭০৪

অনুমোদিত অফিসার
আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড
(পূর্বতন ক্যাপিটাল ফার্স্ট লিমিটেড এবং আইডিএফসি ব্যাঙ্ক লিমিটেডের সঙ্গে সংযুক্ত)



### জে এল মরিসন (ইন্ডিয়া) লিমিটেড

(CIN: L51109WB1934PLC088167)
রেজিস্টার্ড অফিস: ‘রসুই কোর্ট’, ২০, স্যার আর এন মুখার্জি রোড, কলকাতা–৭০০০০১
ফোন: ০৩৩ ২২৪৮০১১৪/১৫; ই–মেল: investors@jlmorison.com; ওয়েবসাইট: www.jlmorison.com

**৩০ জুন, ২০২২ সমাপ্ত ত্রৈমাসিকে অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্তসার**

(শেয়ার প্রতি আয় বাদে লক্ষ টাকার অঙ্কে)

| ক্রম নং | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক | | সমাপ্ত বছর |
|---|---|---|---|---|
| | | ৩০.০৬.২০২২ | ৩০.০৬.২০২১ | ৩১.০৩.২০২২ |
| | | অনিরীক্ষিত | অনিরীক্ষিত | নিরীক্ষিত |
| ১ | কারবার থেকে মোট আয় (নেট) | ৩,৩৪০.০১ | ২,৫০৮.৭৯ | ১১,৬২৪.০৩ |
| ২ | সংশ্লিষ্ট মেয়াদে নেট মুনাফা [কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের আগে] | ১৯৪.০৫ | ১২৭.৫৮ | ৭৯৪.২৬ |
| ৩ | সংশ্লিষ্ট মেয়াদে কর–পূর্ব নেট মুনাফা [ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের পরে] | ১৯৪.০৫ | ১২৭.৫৮ | ৭৯৪.২৬ |
| ৪ | সংশ্লিষ্ট মেয়াদে কর–পরবর্তী নেট মুনাফা [ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের পরে] | ১৪৫.৩৮ | ৯৭.০৮ | ৬১১.৯৭ |
| ৫ | সংশ্লিষ্ট মেয়াদে মোট বোধগম্য আয় [সংশ্লিষ্ট মেয়াদে কর–পরবর্তী মুনাফা/(ক্ষতি) এবং কর–পরবর্তী অন্যান্য বোধগম্য আয় অন্তর্ভুক্ত করে] | –২৭.৩০ | ৮৬৬.৫১ | ২,৮৬৭.৫৮ |
| ৬ | আদায়ীকৃত ইক্যুইটি শেয়ার মূলধন (প্রতিটির অভিহিত মূল্য ₹১০/–) | ১৩৬.৫০ | ১৩৬.৫০ | ১৩৬.৫০ |
| ৭ | অন্যান্য ইকুইটি | – | – | ১৯,৫৭৯.৬৪ |
| ৮ | শেয়ার প্রতি আয় (প্রতিটি ₹১০/–) (বুনিয়াদি ও মিশ্রিত) | ১০.৬৫ | ৭.১১ | ৪৪.৮৩ |

দ্রষ্টব্য:
১) উপরিলিখিত বিবৃতিটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ এর রেগুলেশন ৩৩ মোতাবেক স্টক এক্সচেঞ্জসমূহে পেশ করা ৩০ জুন, ২০২২ সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিশদ খতিয়ানের সংক্ষিপ্তসার। এই আর্থিক ফলাফলগুলির পূর্ণ বয়ান স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটের (www.bseindia.com) পাশাপাশি এই কোম্পানির ওয়েবসাইটেও (https://www.jlmorison.com) উপলব্ধ রয়েছে।
২) উপরিলিখিত অপরীক্ষিত আর্থিক ফলাফলগুলি ১০ আগস্ট, ২০২২ তারিখে আয়োজিত নিজ নিজ সভায় অডিট কমিটি দ্বারা পর্যালোচিত ও পরিচালকমণ্ডলী দ্বারা অনুমোদিত হয়েছে এবং কোম্পানির বিধিবদ্ধ অডিটরগণ এগুলির ‘সীমিত পর্যালোচনা’ করেছেন।
৩) ইন্ড এএস ১০৮–অপারেটিং সেগমেন্টসে দেওয়া সংজ্ঞানুযায়ী ‘ম্যানেজমেন্ট অ্যাপ্রোচ’ এর ওপর ভিত্তি করে এই কোম্পানি প্রাথমিকভাবে পার্সোনাল কেয়ার প্রোডাক্টসের কারবারে নিয়োজিত যা একক ব্যবসায়িক বিভাগ হিসেবে পরিচালন কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত। তদনুসার, বিভাগ–ভিত্তিক তথ্য জানানো প্রয়োজনীয় নয় এবং সেইমতো তা দেওয়া হয়নি।
৪) কোভিড–২০১৯ অতিমারী প্রতিরোধে এই কোম্পানি অতিমারী থেকে কর্মীদের সুরক্ষা দেওয়া ও সুস্থ রাখার জন্য বিবিধ সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ করেছে। পরিচালন কর্তৃপক্ষ এই আর্থিক ফলাফলগুলি অনুমোদনের তারিখ পর্যন্ত বিভিন্ন আভ্যন্তরীণ ও বাহ্যিক তথ্যাবলি বিবেচনার পাশাপাশি আর্থিক বিনিয়োগগুলি সহ পরিসম্পদগুলির বর্তমান বাজারমূল্য পুনরুদ্ধারের ব্যাপারে আশাবাদী। ভবিষ্যতের অর্থনৈতিক পরিস্থিতির যে কোনও ধরনের বস্তুগত পরিবর্তনের ওপর এই কোম্পানি প্রতিনিয়ত নজর রাখছে এবং কোম্পানির কারবারের ওপর তার প্রভাব বিশ্লেষণ করে চলেছে।
৫) ২০২১–২২ অর্থবর্ষের সর্বশেষ ত্রৈমাসিকের পরিসংখ্যানগুলি হল পূর্ণ অর্থবর্ষের নিরীক্ষিত পরিসংখ্যান এবং উক্ত অর্থবর্ষের তৃতীয় ত্রৈমাসিকে সর্বশেষ তারিখ পর্যন্ত প্রকাশিত পরিসংখ্যানের মধ্যে সমন্বয়কারী পরিসংখ্যান।
৬) বর্তমান মেয়াদের পরিসংখ্যানের সঙ্গে তুলনীয় করার জন্য প্রয়োজনানুসার পূর্ববর্তী মেয়াদের পরিসংখ্যানগুলি পুনর্বিন্যস্ত ও পুনঃসজ্জিত করা হয়েছে। আর্থিক ফলাফলের সমস্ত পরিসংখ্যানগুলি নিকটতম লক্ষ টাকার পূর্ণসংখ্যায় উল্লেখ করা হয়েছে।

জে এল মরিসন (ইন্ডিয়া) লিমিটেড এর
পরিচালকমণ্ডলী পর্ষদের জন্য ও তরফে
স্বাঃ–
সোহন সারদা
এগজিকিউটিভ ডিরেক্টর এবং সিইও
DIN: 00129782

Morisons baby dreams — THE CHOICE OF SMART MUMS | EMOFORM-R | Bigen

স্থান: মুম্বই
তারিখ: ১০ আগস্ট, ২০২২



### ABC INDIA LIMITED

Moving made simple

**৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত অপরীক্ষিত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের সংক্ষিপ্তসার**

(₹ লাখ টাকায়)

| ক্রম নং | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২২ | সমাপ্ত বছর ৩১.০৩.২০২২ | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২১ |
|---|---|---|---|---|
| | | অপরীক্ষিত | পরীক্ষিত | অপরীক্ষিত |
| ১ | কারবার থেকে মোট আয় | ৩,৯৩৬.৫০ | ১৩,৪৭৭.৪৬ | ৩,৪৮৭.৭২ |
| ২ | মেয়াদে নিট মুনাফা / (ক্ষতি) (কর ও অস্বাভাবিক দফাগুলির আগে) | ৬৯.২৫ | ২৮৭.৪৮ | ৬৪.৫২ |
| ৩ | করের আগে মেয়াদে নিট মুনাফা / (ক্ষতি) (অস্বাভাবিক দফাগুলির পরে) | ৯০.২৪ | ২৮৫.৩৯ | ৬৪.৫২ |
| ৪ | করের পরে মেয়াদে নিট মুনাফা / (ক্ষতি) (অস্বাভাবিক দফাগুলির পরে) | ৯০.২৪ | ২৭৩.৪২ | ৬৪.৫২ |
| ৫ | অন্যান্য সামগ্রিক আয় | – | ৫০.৭০ | – |
| ৬ | মেয়াদে মোট সামগ্রিক আয় (মেয়াদে মুনাফা / (ক্ষতি) এবং অন্যান্য সামগ্রিক আয় সমেত) | ৯০.২৪ | ৩২৪.১২ | ৬৪.৫২ |
| ৭ | ইকুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু টাঃ ১০/-) | ৫৪১.৭২ | ৫৪১.৭২ | ৫৪১.৭২ |
| ৮ | রিজার্ভ (পুনর্মূল্যায়ন রিজার্ভ ব্যতীত) | – | ৩,১৯৮.৮৩ | – |
| ৯ | শেয়ারপ্রতি আয় (প্রতি টাঃ ১০/-)* | | | |
| | ক) মূল (টাঃ) | ১.৬৭ | ৫.০৫ | ১.১৯ |
| | খ) মিশ্র (টাঃ) | ১.৬৭ | ৫.০৫ | ১.১৯ |

* ৩১শে মার্চ ২০২২ শেষ হওয়া বছর ব্যতীত বার্ষিককৃত নয়

দ্রষ্টব্য :
১) উপরিলিখিত অংশটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫–এর রেগুলেশন ৩৩–এর অধীনে স্টক এক্সচেঞ্জসমূহে দাখিল করা ৩০ জুন ২০২২ পর্যন্ত ত্রৈমাসিক সমাপ্তের আর্থিক ফলাফলের বিশদ বিবৃতির সংক্ষিপ্তসার। ওই ত্রৈমাসিক সমাপ্তের আর্থিক ফলাফলের বিশদ বিবৃতি স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট বিএসই (www.bseindia.com), সিএসই (www.cse-india.com) এবং এই কোম্পানির ওয়েবসাইটে (www.abcindia.com) দেওয়া আছে।
২) উক্ত অপরীক্ষিত আর্থিক ফলাফল ১১ অগস্ট ২০২২–তে অডিট কমিটি দ্বারা মূল্যায়নের পরে বোর্ড অফ ডিরেক্টর্সের সভায় অনুমোদিত হয়েছে।
৩) ব্যতিক্রমী এবং / অথবা বিশেষ দফা সমূহগুলি Ind-AS নিয়ম অনুসারে লাভ এবং ক্ষতির বিবৃতিতে সামঞ্জস্য করা হয়েছে।
৪) পূর্ব মেয়াদ / বছরের পরিসংখ্যান প্রয়োজনে পুনর্গোষ্ঠীবদ্ধ / পুনশ্রেণিবদ্ধ করা হয়েছে বর্তমান মেয়াদ / বর্ষের সঙ্গে তুলনীয় করতে।

এবিসি ইন্ডিয়া লিমিটেড–এর
বোর্ড অফ ডিরেক্টরগণের জন্য ও তরফে
স্বাঃ
আশিষ আগরওয়াল
ম্যানেজিং ডিরেক্টর
DIN: 00351824

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ১১ অগস্ট, ২০২২

PRESSMAN

সিআইএন - L63011WB1972PLC217415
রেজিস্টার্ড অফিস : পি–১০ নিউ সিআইটি রোড, কলকাতা–৭০০০৭৩
ফোন : (033) 22371745/24614156, ফ্যাক্স : (033) 24614193,
ই–মেল : vrmd@abcindia.com, ওয়েবসাইট : www.abcindia.com



Binani
BRAJ BINANI GROUP

### বিনানি ইন্ডাস্ট্রিজ লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ৩৭/২, চিনার পার্ক, নিউ টাউন, রাজারহাট মেন রোড, পোঃঅঃ– হাতিয়াড়া, কলকাতা–৭০০১৫৭, ভারত
কর্পোরেট অফিস: মার্কেন্টাইল চেম্বারস, ১২, জে এন হেরেডিয়া মার্গ, ব্যালার্ড এস্টেট, মুম্বই–৪০০০০১, ভারত
CIN No.: L24117WB1962PLC025584

**৩০ জুন, ২০২২ সমাপ্ত ত্রৈমাসিকের একক ও পুঞ্জীভূত অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্তসার**

| ক্রম নং | বিবরণ | একক | | | | পুঞ্জীভূত | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সমাপ্ত ত্রৈমাসিক | | | সমাপ্ত বছর | সমাপ্ত ত্রৈমাসিক | | | সমাপ্ত বছর |
| | | ৩০.০৬.২০২২ (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২২ (অনিরীক্ষিত) | ৩০.০৬.২০২১ (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২২ (নিরীক্ষিত) | ৩০.০৬.২০২২ (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২২ (অনিরীক্ষিত) | ৩০.০৬.২০২১ (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২২ (নিরীক্ষিত) |
| ১ | কারবার থেকে মোট আয় | ৩৪ | ২৩০ | ২৬ | ৪০২ | ৩৪ | ২২৫ | ১২৩ | ৬৮৫ |
| ২ | সংশ্লিষ্ট মেয়াদে কর–পূর্ব নেট মুনাফা/(ক্ষতি) [ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের আগে] (১–২) | (৭০) | ৭২ | (৯০) | (৮৯) | (১৮০) | ১২ | (৭৯) | (১২৯) |
| ৩ | সংশ্লিষ্ট মেয়াদে কর–পূর্ব নেট মুনাফা/(ক্ষতি) [ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের পরে] (৩–৪) | (৭০) | ৫,১৯৯ | (৯০) | (৮৯) | (১৮০) | ১৭,৯৮৩ | (৭৯) | ১৭,৮৪২ |
| ৪ | সংশ্লিষ্ট মেয়াদে কর–পরবর্তী নেট মুনাফা/(ক্ষতি) [ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের পরে] (৩–৪) | (৭০) | ৫,১৯৯ | (৯০) | (৮৯) | (১৮০) | ১৭,৯৮৩ | (৭৯) | ১৭,৮৪২ |
| ৫ | সংশ্লিষ্ট মেয়াদে মোট বোধগম্য আয়/(ক্ষতি) [সংশ্লিষ্ট মেয়াদে কর–পরবর্তী মুনাফা এবং অন্যান্য কর–পরবর্তী বোধগম্য আয় অন্তর্ভুক্ত করে] | (৭০) | ৫,২১২ | (৯০) | (৭৬) | (১৮০) | ১৭,৯৯৬ | (৭৯) | ১৭,৮৫৫ |
| ৬ | আদায়ীকৃত ইক্যুইটি শেয়ার মূলধন (প্রতিটি শেয়ারের অভিহিত মূল্য ₹১ ৮ | ৩,১৩৮ | ৩,১৩৮ | ৩,১৩৮ | ৩,১৩৮ | ৩,১৩৮ | ৩,১৩৮ | ৩,১৩৮ | |
| ৭ | রিজার্ভ (পুনর্মূল্যায়ণ রিজার্ভ বাদে) | (৩,১৩৮) | (৩,১৩৮) | (৩,১৩৮) | (৩,১৩৮) | (৩,১৩৮) | (৩,১৩৮) | (৩,১৩৮) | (৩,১৩৮) |
| ৮ | সিকিউরিটিজ প্রিমিয়াম অ্যাকাউন্ট | | | – | – | – | | – | – |
| ৯ | কারবার পুনঃসংগঠন রিজার্ভ | – | | – | – | | | | |
| ১০ | নেট মূল্য (৬+৭+৮+৯) | – | – | – | – | – | – | – | – |
| ১১ | শেয়ার প্রতি আয় (ইপিএস) | | | | | | | | |
| | (ক) ব্যতিক্রমী দফাসমূহের আগে– বুনিয়াদি ও মিশ্রিত | (০.২২) | ১৬.৫৭ | (০.২৯) | (০.২৮) | (০.৫৭) | ৫৭.৩৩ | (০.২৫) | ৫৬.৮৮ |
| | (খ) ব্যতিক্রমী দফাসমূহের পরে– বুনিয়াদি ও মিশ্রিত | (০.২২) | ১৬.৫৭ | (০.২৯) | (০.২৮) | (০.৫৭) | ৫৭.৩৩ | (০.২৫) | ৫৬.৮৮ |

দ্রষ্টব্য:
১. উপরিলিখিত বিবৃতিটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ এর রেগুলেশন ৩৩ মোতাবেক স্টক এক্সচেঞ্জসমূহে পেশ করা ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ খতিয়ানের সংক্ষিপ্তসার। এই অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ বয়ান এই কোম্পানির ওয়েবসাইট (www.binaniindustries.com) সহ বিএসই এর ওয়েবসাইট (www.bseindia.com) বা এনএসই এর ওয়েবসাইট (www.nseindia.com) বা সিএসই এর ওয়েবসাইটেও (www.cse-india.com) উপলব্ধ রয়েছে।
২. ৩০ জুন, ২০২২ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকে এই কোম্পানির একক ও পুঞ্জীভূত অনিরীক্ষিত আর্থিক ফলাফলগুলি ১১ আগস্ট, ২০২২ তারিখে আয়োজিত নিজ নিজ সভায় বোর্ডের অডিট কমিটি দ্বারা পর্যালোচিত এবং বোর্ড অফ ডিরেক্টরগণ দ্বারা অনুমোদিত হয়েছে।

বোর্ডের আদেশানুসারে
**বিনানি ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর পক্ষে**
**স্বাঃ–**
**বিশালাক্ষ্মী শ্রীধর**
ম্যানেজিং ডিরেক্টর, সিএফও এবং কোম্পানি সেক্রেটারি
DIN: 07325198

স্থান: মুম্বই
তারিখ: ১১.০৮.২০২২